

1 (Sem-6/FYUGP) BEN 64 MJ

2026

BENGALI

(Major)

Paper : BEN0600404

(অসমের বাংলা সাহিত্যপাঠ)

Full Marks : 60

Time : 2½ hours

*The figures in the margin indicate full marks
for the questions.*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর লেখো : ১×৮=৮

(ক) আসরাফের জমির প্রতি কার লোভ ছিল ?

(খ) অনিমেষ কোথায় চাকরি করতেন ?

(গ) সুবলের ছোটো ছেলেটির নাম কী ?

(ঘ) রমেন কত টাকা ঘর ভাড়া দেয় ?

(ঙ) গুণধরের বয়স কত ?

(চ) গুণধরের বাবার দোকানটির নাম কী ?

(ছ) খেয়ালির বাবা কোথায় কাজ করতেন ?

(জ) খেয়ালির পাঠশালার শিক্ষক কে ছিলেন ?

(2)

২। সংক্ষিপ্ত উত্তর লেখো (যে কোনো ছয়টি) : $২ \times ৬ = ১২$

- (ক) মল্লিকা কে? সে সুজাতাকে কার সঙ্গে দেখা করতে বলেছিল?
- (খ) আমিরুদ্দিনের পিতা কে? তিনি কত বছর হল প্রয়াত হয়েছেন?
- (গ) হরনাথের দ্বিতীয় বউয়ের নাম কী? ওর বয়স কত?
- (ঘ) সুবলের মেয়ের নাম কী? সে কতদূর পড়াশুনা করেছে?
- (ঙ) মালতির বয়স কত? ওর বাবার নাম কী?
- (চ) ইসমাইল কোথায় কাজ করে? ওর মাইনে কত ছিল?
- (ছ) “এ রকম আজব জিনিস খুব বেশি দেখা যায় না।” কে, কার সম্পর্কে এই উক্তি করেছিল?
- (জ) “আমার কষ্ট হয় এর গর্ভধারিণীর জন্য”—কে, কার প্রসঙ্গে এই উক্তি করেছে?
- (ঝ) খেয়ালির ঠাকুরদা সম্পর্কে দুটি তথ্য পেশ করো।
- (ঞ) সুরমা ভ্যালি ডিভিশন কোন্ দুটি জেলা নিয়ে গঠিত?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো (যে কোনো চারটি) : $৫ \times ৪ = ২০$

- (ক) দীপু ও অনন্তর ছেলেবেলা সম্পর্কে সংক্ষেপে লেখো।
- (খ) হিন্দুস্তান সম্পর্কে আসরাফের মনে প্রথম কীরূপ ভাবান্তর ঘটেছিল তা লেখো।
- (গ) পরাণের বার্ষিক্য অবস্থার বিবরণ দাও।

(3)

- (ঘ) ‘লোহিতপারের উপকথা’ উপন্যাস অবলম্বনে পাণ্ডু রেল-স্টেশনের বর্ণনা দাও।
- (ঙ) ‘গুণধরের অসুখ’ নাটকের পবিত্র নামক চরিত্রটির পরিচয় দাও।
- (চ) “বন্ধুত্ব দোকানে পাওয়া যায় না”—কে, কোন্ প্রসঙ্গে এ কথা বলেছিল? কথাটির মর্মার্থ ব্যাখ্যা করো।
- (ছ) ‘সেই তো আমার আমি’ অবলম্বনে খেয়ালির মেজকাকার পরিচয় লিপিবদ্ধ করো।
- (জ) খেয়ালির চুরি-বিদ্যা সম্পর্কিত স্মৃতির বিবরণ দাও।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো (যে কোনো দুটি) : $১০ \times ২ = ২০$

- (ক) ‘অশ্রুনাদী’ গল্প অবলম্বনে হরনাথ চরিত্রটি বিশ্লেষণ করো।
- (খ) দেশত্যাগের বিপন্নতা কীভাবে মানুষকে গ্রাস করে তা ‘আসরাফ আলির স্বদেশ’ গল্প অবলম্বনে বর্ণনা করো।
- (গ) ‘লোহিতপারের উপকথা’ উপন্যাসে চিত্রিত সুবল ও মালতির সংসার-জীবনের টানাপোড়েনের গল্প তোমার নিজের ভাষায় লেখো।
- (ঘ) ‘গুণধরের অসুখ’ নাটকটির নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।
- (ঙ) ‘সেই তো আমার আমি’ গ্রন্থে স্বাধীনতা আন্দোলন ও দেশত্যাগের যে স্মৃতি বিবৃত হয়েছে তা আলোচনা করো।
